

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯ ১৭

আগরতলা, ১৫ আগস্ট, ২০২৪

৭৮-তম স্বাধীনতা দিবস

মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবন-সচিবালয়-বিধানসভায় জাতীয় পতাকা উত্তোলন

রাজ্যে আজ ৭৮-তম স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়েছে। মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে যথাযোগ্য মর্যাদায় ৭৮-তম স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। সকালে মুখ্যমন্ত্রীর প্রফেসর (ডি.) মানিক সাহা তাঁর সরকারি বাসভবনে জাতীয় পতাকা উত্তোলন করেন। অনুষ্ঠানে ত্রিপুরা পুলিশের জওয়ানগণ জাতীয় সংগীত পরিবেশন করেন। এর পর ত্রিপুরা পুলিশের সাব ইনস্পেক্টর বলরাম দেববর্মার নেতৃত্বে জওয়ানগণ মুখ্যমন্ত্রীকে অভিবাদন জানান। সরকারি বাসভবনে পতাকা উত্তোলনের পর মুখ্যমন্ত্রী সাংবাদিকদের সাথে কথা বলার সময় জানান, সারা দেশে আজ স্বাধীনতা দিবস পালন করা হচ্ছে। স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আহ্বানে হর ঘর তিরঙ্গা অভিযানে রাজ্যে তিনদিন ব্যাপী বিভিন্ন অনুষ্ঠান পালন করা হচ্ছে। মুখ্যমন্ত্রী স্বাধীনতা সংগ্রামী, দেশের অখন্দতা রক্ষা ও দেশকে সুরক্ষিত রাখতে যাঁরা প্রাণ দিয়েছেন তাঁদের কথা স্মরণ করেন।

৭৮-তম স্বাধীনতা দিবস উদযাপনের অঙ্গ হিসেবে আজ সকালে সচিবালয়ে জাতীয় পতাকা উত্তোলন করেন কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রত্নলাল নাথ। জাতীয় পতাকা উত্তোলনের পর তিনি আরক্ষা বাহিনীর কুচকাওয়াজ পরিদর্শন করেন। সংক্ষিপ্ত ভাষণে কৃষিমন্ত্রী বলেন, স্বাধীনতা অর্জন করা যেমন কঠিন তেমনি স্বাধীনতাকে রক্ষা করা আরও বেশী কঠিন। পৃথিবীর সাম্রাজ্যবাদী শক্তি এদেশের সার্বভৌমত্ব ও অখন্দতাকে বিনষ্ট করতে চেষ্টা করছে কিন্তু এদেশের নাগরিকদের রাষ্ট্রবাদী চেতনা ও দেশপ্রেমের কাছে বারবার পরাজিত হয়েছে। আমাদের দেশের দেশপ্রেমিক চেতনা এতটাই মজবুত যে পৃথিবীর কোন শক্তি তাকে আঘাত করতে পারবে না। তিনি বলেন, বিগত ১০ বছরে এদেশের দেশপ্রেমের চেতনা বিশ্ববাসীকে মুগ্ধ করেছে। সচিবালয়ে জাতীয় পতাকা উত্তোলন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সচিব ড. পি কে চক্রবর্তী, সচিব টি কে দেবনাথ সহ প্রশাসনের শীর্ষ অধিকারিকগণ। মহাকরণ বিনোদন সংস্থার শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। এছাড়া স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে শিশু কিশোরদের মধ্যে আয়োজিত বসে আঁকো প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। দেশের ৭৮-তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে আজ ত্রিপুরা বিধানসভা প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল। জাতীয় পতাকা উত্তোলনের পর বিধানসভায় আরক্ষা কর্মীগণ কুচকাওয়াজের মাধ্যমে উপাধ্যক্ষকে অভিবাদন জানান। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল বলেন, ১৫ আগস্ট দিনটি প্রত্যেক ভারতবাসীর জন্য একটি গর্বের দিন। যেসব বীর শহীদগণ দেশের স্বাধীনতা অর্জনের জন্য আত্মবলিদান দিয়েছেন তাঁদের আজ স্মরণ ও শুন্ধা প্রদর্শনের দিন। অনুষ্ঠানে ত্রিপুরা বিধানসভার সচিব বিষ্ণুপদ কর্মকার সহ বিভিন্ন স্তরের কর্মচারিগণ উপস্থিত ছিলেন।
